# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃdgmsme@krishibank.org.bd


*ক্রেডিট বিভাগ*

সার্কুলার লেটার নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/২০২২-২০২৩/ ২৮৫৫(১২৫০) তারিখঃ ৩০/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-২, তারিখ ০৫/০৯/২০১৯ এর আলোকে ২০২৩ সালের (জানুয়ারী/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩) জন্য ব্যাংকের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ভিত্তিতে সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) উদ্যোগে অর্থায়ন সংক্রান্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ (এসএমই)-৭(১)/২০১৯-২০২০/৩০৮/(১২৫০), তারিখ ২৫/০৯/২০১৯ এর মাধ্যমে জারীকৃত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের ৫ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-২ এর ৩ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর উল্লিখিত মাস্টার সার্কুলার এর অনুচ্ছেদ নং ৩ মোতাবেক কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ এর অনুকূলে প্রদেয় খাত ভিত্তিক ঋণের লক্ষ্যমাত্রা ও বিভাজন সংক্রান্ত নির্দেশনাটি নিম্নে উপস্থাপন করা হলো ঃ

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নীট ঋণ ও অগ্রিম স্থিতির মধ্যে সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ প্রতি বছর কমপক্ষে ১% বৃদ্ধিসহ আগামী ২০২৪ সাল অন্তে অন্যূন ২৫% এ উন্নীত করতে হবে। ২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার নির্ধারিত হার হবে নিম্নরূপঃ

| বিষয়াবলী | ২০২৪ সাল অন্তে অর্জিত লক্ষ্যমাত্রার হার |
|---|---|
| সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতি | নীট ঋণ ও অগ্রিম স্থিতির ২৫% |
| কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ | সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির ৫০% |
| নারী উদ্যোগে নীট ঋণ ও অগ্রিম স্থিতির পরিমাণ | সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির ১৫% |
| সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক বিভাজন | উৎপাদশীল শিল্পে অন্যূন ৪০%, সেবা শিল্প অন্যূন ২৫% এবং ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫%। |

০৩। বাংলাদেশ ব্যাংকের বর্ণিত সার্কুলার এর নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকের ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী নীট ঋণ ও অগ্রিম স্থিতির (মোট ঋণ ও অগ্রিম স্থিতি - মোট শ্রেণীকৃত ঋণ) ভিত্তিতে নিম্নোক্তভাবে ২০২৩ সালের জন্য সিএমএসএমই ঋণ ও অগ্রিম স্থিতির লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে নির্ধারণ করে দেয়া হলো ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগ | ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক | | | | | ২০২৩ সালে নীট ঋণ ও অগ্রিম স্থিতির ২৪% অর্জনের লক্ষ্যে সিএমএসএমই'র নির্ধারিত লক্ষ্যমাত্রা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ব্যাংকের মোট অনাদায়ী ঋণ স্থিতি | মোট শ্রেণীকৃত ঋণের স্থিতি | শ্রেণীকৃত ঋণ স্থিতি বাদে নীট ঋণ স্থিতি | সিএমএসএমই মোট অনাদায়ী ঋণ স্থিতি | নীট স্থিতির মধ্যে সিএমএসএমই স্থিতির হার(%) | সিএমএসএমই খাতে অনাদায়ী স্থিতি হতে হবে (২৪%) | ডিসেম্বর/২০২২ এর সাথে স্থিতি অর্জন করতে হবে |
| ১ | ২ | ৩ | ৪ | ০৫ (৩-৪) | ৬ | ৭ | ৮(০৫*২৪%) | ০৯(০৮-০৬) |
| ১ | ঢাকা | ৪৯৭৪.৭৮ | ১১২৯.৬৪ | ৩৮৪৫.১৫ | ৬৭২.৪৮ | ১৭% | ৯২২.৮৪ | ২৫০.৩৬ |
| ২ | ময়মনসিংহ | ৪৩২০.৯৯ | ৩৮৯.৪৭ | ৩৯৩১.৫৩ | ৪৬৫.৮৭ | ১২% | ৯৪৩.৫৭ | ৪৭৭.৭০ |
| ৩ | চট্টগ্রাম | ২১২০.০৯ | ৪৮১.২৪ | ১৬৩৮.৮৫ | ৩২৮.৮৫ | ২০% | ৩৯৩.৩৩ | ৬৪.৪৭ |
| ৪ | খুলনা | ২৬২৭.৫৭ | ১৫৩.২১ | ২৪৭৪.৩৫ | ২৫৫.৭১ | ১০% | ৫৯৩.৮৫ | ৩৩৮.১৪ |
| ৫ | বরিশাল | ২৭৭৩.৯৬ | ৯৬.৪০ | ২৬৭৭.৫৫ | ১৮৮.৯৬ | ৭% | ৬৪২.৬১ | ৪৫৩.৬৬ |
| ৬ | সিলেট | ১৬০৫.০৪ | ৮৬.৮৯ | ১৫১৮.১৫ | ২২০.৩৯ | ১৫% | ৩৬৪.৩৬ | ১৪৩.৯৭ |
| ৭ | কুমিল্লা | ২৯৮৮.৭০ | ২১৩.৮৩ | ২৭৭৪.৮৭ | ৪৯৭.৩২ | ১৮% | ৬৬৫.৯৭ | ১৬৮.৬৫ |
| ৮ | কুষ্টিয়া | ২২৫১.১৮ | ১০৮.৯০ | ২১৪২.২৮ | ৩৪৮.৫০ | ১৬% | ৫১৪.১৫ | ১৬৫.৬৪ |
| ৯ | ফরিদপুর | ২০৬৪.১৮ | ৯৪.২৪ | ১৯৬৯.৯৪ | ২৭২.২৮ | ১৪% | ৪৭২.৭৮ | ২০০.৫০ |
| ১০ | এলপিও | ২৮৬৬.০৮ | ৪৫৫.৫২ | ২৪১০.৫৬ | ৬৭.৬২ | ৩% | ৫৭৮.৫৩ | ৫১০.৯১ |
| | মোটঃ | ২৮৫৯২.৫৭ | ৩২০৯.৩৪ | ২৫৩৮৩.২৩ | ৩৩১৭.৯৮ | ১৩% | ৬০৯১.৯৭ | ২৭৭৩.৯৯ |

চলমান পাতা-০২

বিষয় ৪ বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-২, তারিখ ০৫/০৯/২০১৯ এর আলোকে ২০২২ সালের (জানুয়ারী/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩) জন্য ব্যাংকের নীট ঋণ ও অগ্রিম স্থিতির ভিত্তিতে সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির বিভাগওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

০৪। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা কর্পোরেট শাখা/মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ে বন্টন পূর্বক বন্টিত লক্ষ্যমাত্রার একটি অনুলিপি অত্র বিভাগে প্রেরণ করবেন। একইভাবে বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখা সমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া, বিভাগওয়ারী সিএমএসএমই ঋণের স্থিতি বৃদ্ধির পরিমাণ নিম্নোক্ত ছকে মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সিএমএসএমই খাতে নীট ঋণ ও অগ্রিম স্থিতির মাসিক বিবরণী

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | ৩১/১২/২০২২ তারিখে সিএমএসএমই খাতে মোট অনাদায়ী স্থিতি | ৩১/১২/২০২৩ তারিখ ভিত্তিক সিএমএসএমই স্থিতির নির্ধারিত লক্ষ্যমাত্রা | সিএমএসএমই'র বর্তমান স্থিতি | অর্জন (স্থিতি বৃদ্ধির পরিমাণ) | অর্জনের হার (%) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ (০৫-০৩) | ০৭ (০৬÷০৪) X১০০) |

০৫। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০(এসএমই ঋণ নীতিমালা) তারিখঃ ৩০/১১/২০১০ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-২, তারিখ ০৫/০৯/২০১৯ এ বর্ণিত সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ২০২৩ সালের (জানুয়ারী/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩) জন্য সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ এবং অঞ্চল প্রধানগণ উক্ত সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্তে শাখার কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন-০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেন্ত্বিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/২০২২-২০২৩/ ১৮৫৫ (২২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

০৩/০১/২০২৩

( মুহাম্মদ মোশাররফ হোসেন )
সহকারী মহাব্যবস্থাপক